গাংনী মহিলা কলেজ এলাকায় হাত ধোয়ার বেসিন উদ্বোধন ও মাস্ক বিতরণ

করোনা ভাইরাসের সংক্রামন থেকে রক্ষা পেতে মেহেরপুরের গাংনী পৌরসভার মহিলা কলেজ এলাকায় হাত ধোয়ার জন্য বেসিন উদ্বোধন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলাম হাত ধোয়ার ব্যাচিং উদ্বোধন ও মাস্ক বিতরণ করেন।

এসময় বিশিষ্ট সমাজ সেবক ব্যবসায়ী আব্দুল হান্নান সহ এলাকার গন্যমাণ্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে উপজেলা চেয়ারম্যান এর উদ্যোগে হাত ধোয়ার বেসিন উদ্বোধন ও মাস্ক বিতরণ

মেহেরপুরের গাংনীতে হাত ধোয়ার জন্য বেসিন উদ্বোধন ও মাক্স বিতরণ করা হয়েছে।

সোমবার বিকাল ৫ টায় উপজেলা পরিষদ ও হাসপাতাল চত্বরে ব্যাচিং উদ্বোধন ও মাস্ক বিতরণ করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

এসময় গাংনী উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দীন আহমেদ, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদ হোসেন, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন হোসেন প্রমুখ উপস্থিত

গাংনীতে জামিনে মুক্তি পেয়ে মারধরের অভিযোগ

মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামে জুয়েল ও বেনজির হোসেন নামের দুজনকে মারধরের অভিযোগ উঠেছে। সোমবার বিকালে সাহারবাটি চারচারা বাজারে তাদের মারধর করা হয়।

এ ঘটনায় দু’পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়লে গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমানের নেতৃত্বে বিপুল সংখ্যক পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

রবিউল ইসলামের ছেলে জুয়েল জানান, সম্প্রতি আমাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে সমসের আলী, রফি, বাবুর আলী সহ তাদের সহযোগিরা।

এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলায় আসামীরা জামিনে মুক্তি পেয়ে সোমবার সন্ধ্যায় টুটুলের নেতৃত্বে দুলাল সহ পূর্বের মামলার এজাহার নামীয় ৩ জন আসামী আর্তকিত হামলা করে আহত করে।

এ বিষয়ে কথা বলতে চাইলে টুটুলের মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, উত্তেজনার খবর পেয়ে পুলিশ মোতায়েন করা হয়। বর্তমানে পরিস্থিত নিয়ন্ত্রণে রয়েছে। মারধরের ঘটনায় এখন পর্যন্ত কেউ এজাহার দায়ের করেনি।

মেহেরপুরের গাংনীতে সব পশুহাট সাময়িক বন্ধ ঘোষনা

করোনা ভাইরাস সতর্কতায় মেহেরপুর জেলার গাংনী উপজেলার সকল পশু হাট সাময়িক বন্ধ ঘোষণা করেছে প্রশাসন। আজ সোমবার সকালে এ ঘোষণার পর এ অঞ্চলের সবচেয়ে বড় পশু হাট বামন্দী-নিশিপুর পশু হাটের কেনাবেচা কার্যক্রম স্থগিত করেছে হাট মালিক সমিতি।

করোনা ভাইরাস সংক্রমণ ঠেকাতে জনসমাগ না করতে সরকারী কঠোর নির্দেশনা বাস্তবায়ন করছে জেলা ও উপজেলা প্রশাসন। সপ্তাহের প্রতি সোমবার ও শুক্রবার বামন্দী-নিশিপুর পশু হাট বসে। দেশের বিভিন্ন এলাকা থেকে ক্রেতা-বিক্রেতাদের সমাগম ঘটে এ পশু হাটে। এ সমাগমের মাধ্যমে করোনা ভাইরাস ছড়াতে পারে বলে আশংকা রয়েছে স্বাস্থ্য বিভাগের।

লক ডাউনের বিষয়টি নিশ্চিত করে গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, জনসমাগম ঠেকাতে জেলা প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী জেলার সব পশু হাট লক ডাউন করা হয়েছে। আজ সোমবার বামন্দী-নিশিপুর পশু হাটের নির্ধারিত দিন। এখানে অনেক সমাগম হয়। তাই সকালেই হাট কর্তৃপক্ষকে বন্ধের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও বন্ধ রয়েছে কি না তা তদারকি করার জন্য পুলিশ ও উপজেলা প্রশাসনের প্রতিনিধি পাঠানো হয়েছে।

গাংনীতে উপজেলা প্রশাসনের অভিযানে দু ব্যবসায়ীর অর্থদন্ড

মেহেরপুরর গাংনীতে বাজারমুল্য নিয়ন্ত্রণে রাখতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে গাংনী উপজেলা প্রশাসন। চাউলের মুল্যবৃদ্ধি, মেয়াদউত্তীর্ণ খাবার সংরক্ষণ করার অপরাধে রবিবার বিকালে ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন।

অভিযানে উপজেলার হেমায়েতপুর বাজারে চাল ব্যাবসায়ীসহ দু’টি দোকান মলিককে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা করে অর্থদন্ড দেয়া হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতের আইনে দন্ডিতরা হলো- হেমায়েতপুর বাজারের টিটু স্টোরের মালিক চাউল ব্যাবসায়ী রাজিবুল হক এবং ভাই ভাই স্টোরের মালিক হামিদুল ইসলাম।

এসময় এক হোটেল ব্যবসায়ীকে নোংরা পরিবেশে খাবার না রাখার হুশিয়ারী দেয়া হয়েছে। একই সাথে উক্ত বাজারের সকল চায়ের দোকানে টিভি না রাখা এবং জন জমায়েত সৃষ্টি না করার নিদের্শ দেওয়া হয়েছে। এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধি হলে প্রশাসনকে জানানোর জন্য বলা হয়েছে।

এমন অভিযোগ পেলে তাৎক্ষনিক ব্যাবস্থা নেয়ার কথা জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

গাংনীতে দইু মাদকসেবীর কারাদন্ড

গাংনীতে দুই মাদক সেবনকারীর তিন মাসের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দুপুরে নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতে দন্ডিতরা হলেন, গাংনী উপজেলার সাহেব নগর গ্রামের বদর উদ্দীনের ছেলে মরজেম আলী (৬০) ও হাড়াভাঙ্গা গ্রামের আব্দুল কাদেরের ছেলে লাভলু হোসেন (৪০)।

সুত্র জানায়, মরজেম আলী ও লাভলু হোসেন গাঁজা সেবন করছে এমন গোপন সংবাদ পেয়ে মেহেরপুর জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক সাহজামাল খান সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করে।

তাদের দেহ তল্লাশী করে দুজনের কাছ থেকে ৩০ গ্রাম গাজা উদ্ধার করের তারা।

পরে ঘটনা স্থলে আদালত বসিয়ে তাদের দন্ডাদেশ দিয়ে আদালতে প্রেরন করা হয়েছে।

গাংনীতে করোনা প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারণা অভিযান ও লবন বিতরণ

করোনা প্রতিরোধে মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক এর উদ্যোগে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ ও তার সাথে সাথে চায়ের দোকান মালিকদের মাঝে লবণ বিতরণ করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা শহরের প্রায় সবগুলো দোকান এবং জনগণের মাঝে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করেন।
এ সময় তিনি চা দোকানিদেরকে ফ্রিতে লবণ বিতরণকালে বলেন, করোনা ভাইরাস এর সময় যদি খরিদ্দারদের চা দেওয়ার আগে গরম পানির সাথে লবণ দিয়ে গড়গড়া করালে করোনা থেকে মুক্ত থাকা যায়।

এসময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কাউন্সিলর মিজানুর রহমান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আহসান উল্লাহ মহন, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

গাংনীতে প্রবাসীদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে অভিযান

মেহেরপুরের গাংনীতে প্রবাস ফেরতদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে তাদের বাড়িতে গিয়ে সচেতনতামুলক অভিযান চালিয়েছে গাংনী উপজেলা প্রশাসন।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান করোনা ভাইরাস রোগী চিহ্নিত ও এর বিস্তার এলাকায় ছড়িয়ে পড়তে না পারে সে জন্য মেহেরপুরের গাংনী উপজেলার পৌরসভার মালসাদহ গ্রামে এবং বামুন্দির নিশিপুর স্কুলপাড়ায় জরুরী অভিযান চালান। তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলমসহ স্বাস্থ্য কমপ্লেক্সের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা এবং গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, এ ভাইরাস থেকে মুক্তি ও জনগনকে রক্ষা পাওয়ার জন্য হোম কোয়ারেন্টাইন পালনের সরকারী নির্দেশ রয়েছে। তারপরও অনেকে ১৪ দিনের এ হোম কোয়ারেন্টাইন পালন করছেন না। এমন অভিযোগের ভিত্তিতে গাংনী উপজেলা প্রশাসন মাঠে নেমেছেন এবং অভিযান পরিচালনা করছেন এবং এ অভিযান অব্যাহত থাকবে।

অভিযানে বিভিন্ন এলাকায় করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়। যে কোন সমস্যার কথা জানাতে হটলাইন নাম্বার দেয়া হয়েছে যাতে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে চিকিৎসকদের সাথে সরাসরি কথা বলতে পারে সকল শ্রেনীপেশার মানুষ।

মেপ্র/ইএম

গাংনীতে গ্রাম পুলিশের আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে কাজল আহমেদ (২৫) নামের এক গ্রাম পুলিশ আত্মহত্যা করেছে। বুধবার দুপুর ২ টায় উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামের নিজ বাড়িতে গলায় রশি বেঁধে আত্মহত্যা করে সে।

কাজল কাজল আহমেদ পলাশীপাড়া গ্রামের মৃত রুস্তম আলীর ছেলে সে ২ নং তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ হিসেবে কর্মরত ছিলো।

তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সদস্য মো: জয়নুদ্দিন ও স্থানীয়রা জানায় পারিবারিক বিরোধের কারণে কাজল হোসেন কিছুটা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। মানসিক যন্ত্রণা সহ্য করতে না করতে পেরে আত্মহত্যা করতে পারে বলে ধারণা করা হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবায়দুর রহমান জানান ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনী পৌর মেয়রের বিরুদ্ধে নির্মানাধীন ভবন ভাঙ্গার অভিযোগ

মেহেরপুরের গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলামের বিরুদ্ধে নির্মানাধীন দুটি পাকা ঘরের আংশিক ভাঙ্গার অভিযোগ উঠেছে।

রবিবার দুপুরে গাংনী থানাপাড়া ও পৌরসভা সংলগ্ন দুটি নির্মানাধীন ভবনের কিছু অংশ ভেঙ্গে দেন তিনি। এ ঘটনায় ভবনের মালিক সহ কয়েকজন কাউন্সিলর ও পৌর মেয়র পাল্টা পাল্টি অভিযোগ করেন।

গাংনী থানাপাড়ার ঘর মালিক পাকুড়িয়া গ্রামের ইমাদুল ইসলাম ও